# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd **E-mail:** info@bmeb.gov.bd **Fax:** 58616681, 58617908, 9615576

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/জামালপুর-৬৬/৪৩ তারিখ: ২৩ আষাঢ় ১৪৩২ / ০৮ জুলাই ২০২৫

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

সূত্র : জনাব মনিকা রায়হান এর ০২.০৭.২০২৫ এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলাধীন জোনাইল ছাহাতরা রাইসিয়া দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক ন্যায্যতা, স্বচ্ছতা ও পক্ষপাতদুষ্ট হয়ে দাতা পরিবারের মতামত উপেক্ষা করে এডহক কমিটি গঠন করা হয়েছে মর্মে দাতা ও প্রতিষ্ঠাতা জনাব মনিকা রায়হান সূত্রোক্ত স্মারকে ম্যানুয়ালি অভিযোগ দাখিল করেছেন।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (০১) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৮.৭.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

০৮.০৭.২৫

উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/জামালপুর-৬৬/৪৩ তারিখ: ২৩ আষাঢ় ১৪৩২ / ০৮ জুলাই ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, জামালপুর;
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর;
৩. জনাব মনিকা রায়হান (অভিযোগকারী), ৩১৭, লেইন ২১, ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, জোনাইল ছাহাতরা রাইসিয়া দাখিল মাদ্রাসা, পো: জোনাইল, মাদারগঞ্জ, জামালপুর;
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

৮/৭/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০৮.০৭.২৫

D:\Admin - Committee\Belayet\Inquiry.docx

তারিখ: ০১/০৭/২০২৫

বরাবর,
মান্যবর জনাব, প্রফেসর মিঞা মোঃ নূরুল হক,
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ নং অরফান রোড, বকশীবাজার, ঢাকা-১২১১

বিষয়: সভাপতি মনোনয়ন সহ JONAIL SAHATORU RAISIA BALIKA DAKHIL MADRASAH (জোনাইল ছাহাতরু রাইছিয়া বালিকা দাখিল মদ্রাসার) (EIIN# 110059) অ্যাড-হক কমিটি অনুমোদনে অনিয়ম এবং দানকারী ও প্রতিষ্ঠাতা পরিবারের প্রতিনিধিকে বাদ দেওয়ার বিষয়ে অভিযোগ।

জনাব,

বিনীতভাবে জানাচ্ছি যে, জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার খোর্দ্দ জোনাইল মৌজায় অবস্থিত জোনাইল ছাহাতরু রাইছিয়া বালিকা দাখিল মাদ্রাসার জন্য আমার বাবা, মরহুম প্রিন্সিপাল রইচ উদ্দিন আহম্মেদ, ১৯৮৬ সালের ২৪ নভেম্বর তারিখে দলিল নম্বর ৪৪৭৩ এর মাধ্যমে ১ একর ৪ শতাংশ জমি দান করেন। প্রতিষ্ঠার শুরু থেকে আমরা, দানকারী পরিবারের উত্তরসূরিগণ, প্রতিষ্ঠানের পরিচালনা ও উন্নয়নের সাথে সম্পৃক্ত আছি।

সম্প্রতি আপনার সম্মানিত বোর্ড থেকে প্রজ্ঞাপন নং বামাশিবো/প্রশা/২৩১২৫১১০০৫৯১/১০৮০৭০, তারিখ ১৪-০৫-২০২৫ খ্রিঃ-এ মাদ্রাসাটির জন্য ৬ মাস মেয়াদী একটি অ্যাড-হক কমিটি অনুমোদন প্রদান করা হয়েছে, যেখানে সভাপতি হিসেবে কেবলমাত্র একজন প্রার্থী (মোঃ রকিবুল ইসলাম)-এর নাম সুপারিশ করে অনুমোদন গ্রহণ করা হয়েছে।

আমার অভিযোগ হলো, এই সভাপতি মনোনয়ন প্রক্রিয়াটি পূর্ণরূপে একপাক্ষিক, স্বচ্ছতা ও ন্যায্যতা পরিপন্থী এবং দানকারী ও প্রতিষ্ঠাতা পরিবারের মতামত ও অধিকার উপেক্ষা করে সম্পন্ন হয়েছে। সুপার ইচ্ছাকৃতভাবে কোনো বিকল্প সভাপতি প্রার্থীর নাম (যেমনঃ প্রতিষ্ঠাতা পরিবারের সদস্য বা অন্য উপযুক্ত স্থানীয় অভিভাবক) সুপারিশ করেননি।

প্রবিধান ৩৮ অনুযায়ী, যদি কোনো কমিটি প্রতিষ্ঠানের স্বার্থবিরোধী কাজ করে অথবা অনিয়মের মাধ্যমে গঠিত হয়, তবে তা যে কোনো সময় বাতিলযোগ্য এবং প্রবিধান ৩৯ অনুসারে, অ্যাড-হক কমিটি গঠনের ক্ষেত্রে সকল সদস্যের নাম এবং উপযুক্ত প্রতিনিধি নির্বাচন বোর্ড কর্তৃক অনুমোদনের পূর্বশর্ত। কিন্তু উক্ত কমিটি গঠনের ক্ষেত্রে এসব নিয়ম অনুসরণ না করে একপাক্ষিকভাবে কেবলমাত্র একজন ব্যক্তির নাম সভাপতি হিসেবে সুপারিশ করা হয়েছে, যা দানকারী পরিবারের প্রতিনিধি হিসেবে আমার মত একজন অভিজ্ঞ শিক্ষাবিদ (২৫ বছরের অধিক অভিজ্ঞতা ও সাবেক অধ্যক্ষ, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অনার্স ও মাস্টার্স ডিগ্রিধারী) -এর মতামত উপেক্ষা করে করা হয়েছে। এতে স্বচ্ছতা, ন্যায্যতা এবং প্রতিষ্ঠানের ঐতিহাসিক মূল্যবোধ লঙ্ঘিত হয়েছে, যা নীতিগতভাবে পক্ষপাতদুষ্ট আচরণ হিসেবে বিবেচিত।

অতএব, আমার বিনীত আবেদন–বিষয়টি গুরুত্বসহকারে তদন্ত করে বোর্ড কর্তৃক অনুমোদিত বর্তমান অ্যাড-হক কমিটির সভাপতি মনোনয়ন বাতিল করে, নতুনভাবে সভাপতি মনোনয়নের ক্ষেত্রে দানকারী পরিবারের প্রতিনিধি হিসেবে আমার নামসহ উপযুক্ত প্রার্থীদের অংশগ্রহণের সুযোগ নিশ্চিত করা হোক এবং ভবিষ্যতে অ্যাড-হক কমিটি গঠনের ক্ষেত্রে দানকারী, অভিভাবক ও শিক্ষক প্রতিনিধিদের মতামত ও স্বচ্ছতা নিশ্চিত করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হোক।

আপনার ন্যায়বিচারমূলক বিবেচনা ও দ্রুত কার্যক্রম প্রত্যাশা করছি।

বিনীত,

**মনিকা রায়হান** (সাবেক -অধ্যক্ষ)
সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অনার্স ও মাস্টার্স ডিগ্রিধারী
উত্তরাধিকার: প্রিন্সিপাল রইচ উদ্দিন আহম্মেদ, (এম.এ.) (দানকারী ও প্রতিষ্ঠাতা)
প্রাক্তন -পাকিস্তানের জাতীয় পরিষদের সদস্য (এমএনএ) ও কেন্দ্রীয় সংসদীয়সচিব (উপ-মন্ত্রী),
স্বামী-লেঃ কর্নেল মোসাব্বির রহমান (পি .এস. সি)(অবঃ)
ম্যানেজিং ট্রাস্টি- প্রিন্সিপাল রইচ উদ্দিন আহম্মেদ চ্যারিটেবল ট্রাস্ট, খোর্দ্দ জোনাইল
ঠিকানা: বাসা ৩১৭, লেইন ২১, ডি.ও.এইচ.এস, মহাখালী, ঢাকা-১২০৬
মোবাইল:01732365127, 01713314988, ই-মেইল: sakib.mosabbir@gmail.com

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর
ডায়রী নং
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
প্রকাশনা নিয়ন্ত্রক
উপ-রেজিস্ট্রার প্রশাসন/কমন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক গোপঃ/পরীক্ষা
হিসাব রক্ষণ কর্মকর্তা
আইসিটি/কম্পিউটার কেন্দ্র
উপ-সহকারী প্রকৌশলী
রেজিস্ট্রার

সংযুক্তি:

১. দানপত্রের দলিল কপি (নং ৪৪৭৩, তারিখ: ২৪/১১/১৯৮৬), ২. বর্তমান প্রজ্ঞাপনের কপি, ৩. জাতীয় পরিচয়পত্র কপি, ৪. ওয়ারিশান সনদপত্র, ৫. আমার শিক্ষাগত ও পেশাগত পরিচয়ের সারসংক্ষেপ।

জ্ঞাতার্থে অনুলিপিঃ